

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
আমার বাড়ি আমার খামার প্রকল্প
প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩)
৭১-৭২ ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০


স্মারক নং- আবাএআখা/ অর্থ ও হি:/মা:প:অর্থবরাদ্দ/০২/২০১৮-১৯/২৫৬৬

তারিখঃ ২৯/০৪/২০১৯ খ্রি.

বিষয়ঃ সমিতির সভাপতি ও ম্যানেজার প্রত্যেকের নামে পল্লী সঞ্চয় ব্যাংকে সঞ্চয়ী হিসাব খোলা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, চলতি অর্থবছরে যে সকল সমিতির সভাপতি ও ম্যানেজারদের আমার বাড়ি আমার খামার (৩য় সংশোধিত) প্রকল্পের আওতায় সম্মানী ভাতা প্রদান করা হবে তাদের প্রত্যেকের নামে পল্লী সঞ্চয় ব্যাংকে সঞ্চয়ী হিসাব খোলার নির্দেশনা প্রদান করা হলো। প্রকল্প হতে সভাপতি ও ম্যানেজারদের সম্মানী বাবদ বরাদ্দকৃত অর্থ হিসাবরক্ষণ অফিস হতে উত্তোলন করে পল্লী সঞ্চয় ব্যাংকে প্রকল্পের নামে খোলা ব্যাংক হিসাবে জমা করতে হবে। অতপর প্রকল্প হতে জারীকৃত নির্দেশনা মাতাবেক প্রয়োজনীয় অর্থ সভাপতি ও ম্যানেজারদের সঞ্চয়ী হিসেবে স্থানান্তরের ব্যবস্থা নিতে হবে। কোন ক্রমেই প্রকল্পের কর্মচারীগণ সম্মানী বাবদ বরাদ্দকৃত অর্থের নগদ পরিশোধে জড়িত থাকতে পারবেন না।

এমতাবস্থায়, অবিলম্বে সকল (৩য় সংশোধিত মেয়াদে যে সকল সভাপতি ও ম্যানেজারগণ সম্মানী প্রাপ্য) সভাপতি ও ম্যানেজার প্রত্যেকের নামে মে/২০১৯ সালের মধ্যে স্থানীয় পল্লী সঞ্চয় ব্যাংকে পৃথক পৃথক সঞ্চয়ী হিসাব খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


২২.৪.১৯
(আকবর হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
আমার বাড়ি আমার খামার প্রকল্প
ফোন : ৯৩৫৯০৮৩

উপজেলা নির্বাহী অফিসার (সকল)

..... উপজেলা জেলা।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

- ১। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক (প্রকল্পের আওতায় ৩য় সংশোধিত অংশের সমিতির সভাপতি/ম্যানেজারদের নামে পল্লী সঞ্চয় ব্যাংকে হিসাব খোলার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার অনুরোধ করা হলো।
- ২। উপপরিচালক, বিআরডিবি (সকল) -----।
- ৩। প্রোগ্রামার, আমার বাড়ি আমার খামার প্রকল্প, ইস্কাটন গার্ডেন, ঢাকা (পত্রটি এবাএখার ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ৪। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, বিআরডিবি (সকল) উপজেলা জেলা।
- ৫। জেলা সমন্বয়কারী, আবা আখা প্রকল্প (সকল), জেলা।
- ৬। উপজেলা সমন্বয়কারী/শাখা ব্যবস্থাপক, আবা আখা প্রকল্প (সকল), উপজেলা জেলা।
- ৭। অফিস কপি।